

কী সেবা কীভাবে পাবেন

- সঠিক, মানসম্মত এবং সময়ানুগ পরিসংখ্যান সরবরাহ করা।
- নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক ও সিদ্ধান্ত গ্রহণকারীগণের চাহিদামাফিক উপাত্ত পরিবেশন।
- প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি।
- পেশাদারিত্ব প্রতিষ্ঠা।

প্রকাশনা ও সেবাসমূহ:

ক) প্রকাশনাসমূহ

- # দেশের বিভিন্ন প্রয়োজনীয় তথ্যসম্বলিত মাসিক পরিসংখ্যান বুলেটিন, বার্ষিক পরিসংখ্যান পকেটবুক ও বর্ষগ্রন্থ প্রকাশ;
- # প্রতি দশ বছর অন্তর (১) জনশুমারি (২) কৃষি শুমারি (৩) অর্থনৈতিক শুমারি এবং (৪) মৎস্য ও প্রাণীসম্পদ শুমারি পরিচালনা ও প্রতিবেদন প্রকাশ;
- # মোট দেশজ উৎপাদন (GDP) এবং প্রবৃদ্ধির হারসহ অন্যান্য সামষ্টিক অর্থনৈতিক নির্দেশক (Indicators) যথা: সঞ্চয়, বিনিয়োগ, ভোগ, মাথাপিছু আয় ইত্যাদি নিরূপণ ও প্রকাশ;
- # ভোক্তার দৈনন্দিন জীবনযাত্রায় ব্যবহৃত খাদ্য ও খাদ্য বহির্ভূত পণ্য অন্তর্ভুক্ত করে মাসভিত্তিক ভোক্তা মূল্যসূচক (CPI) নিরূপণ ও প্রকাশ;
- # মাসভিত্তিক ম্যানুফ্যাকচারিং শিল্পের উৎপাদন সূচক প্রস্তুত ও প্রকাশ;
- # বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ;
- # বিভিন্ন পেশায় নিয়োজিত শ্রমিকদের মজুরির হার ও মজুরি সূচক প্রস্তুত ও প্রকাশ;
- # বিভিন্ন ফসলের উৎপাদন ও ফসলাধীন জমির পরিমাণ এবং ভূমি ব্যবহার সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ;
- # গুরুত্বপূর্ণ স্বাস্থ্য ও জনমিতিক নির্দেশক প্রস্তুত ও প্রকাশ;
- # শিশুপুষ্টি এবং শিশুদের অবস্থা সম্পর্কিত তথ্য সংগ্রহ, সংকলন ও প্রকাশ;
- # মহিলাদের উন্নয়ন ও ক্ষমতায়নের লক্ষ্যে তাদের আর্থ-সামাজিক অবস্থা নিরূপণের জন্য Gender Statistics প্রস্তুত ও প্রকাশ;
- # খানার আয় ও ব্যয় নির্ধারণ জরিপ পরিচালনার মাধ্যমে দেশের দারিদ্র পরিস্থিতি সম্পর্কিত তথ্য প্রস্তুত ও প্রকাশ।

(খ) ওয়েবসাইট

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর একটি সমৃদ্ধ ও নিয়মিত হালনাগাদকৃত ওয়েবসাইট রয়েছে। এতে ব্যুরোর সর্বশেষ প্রকাশনাসমূহের Key Indicators দেয়া আছে। যে কেউ বিনামূল্যে এই ওয়েবসাইট থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারেন।

ওয়েবসাইটের ঠিকানা: www.bbs.gov.bd

(গ) উপাত্তের ডিজিটাল কপি

তথ্যসংগ্রহকারীগণ নির্ধারিত মূল্যের বিনিময়ে ব্যুরোর প্রধান কার্যালয়স্থ ডাটা আর্কাইভ থেকে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত সিডি মারফত সংগ্রহ করতে পারেন।

(ঘ) অভিযোগ ও পরামর্শ (Complaints & Suggestions)

সেবা সংক্রান্ত অভিযোগ বা পরামর্শ গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়। আমাদের গ্রাহক/সেবাগ্রহণকারী (Users) সরকারি/বেসরকারি সংস্থা, উন্নয়ন সহযোগী ও দাতাসংস্থা, নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ ও গবেষক এবং শিক্ষক-শিক্ষার্থী।

(ঙ) আমাদের প্রতিশ্রুতি (Commitments)

- # স্বল্পতম সময়ের মধ্যে মানসম্মত ও সঠিক উপাত্ত পরিবেশন।
- # তথ্য/উপাত্ত প্রক্রিয়া ও পরিজ্ঞাতকরণে আধুনিক প্রযুক্তির ব্যবহার।
- # বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় সঠিক সিদ্ধান্ত গ্রহণে চাহিদামাফিক উপাত্ত সরবরাহ।
- # পরিসংখ্যানিক কার্যক্রম সমন্বিতযোগ্য ও ত্বরান্বিতকরণ।
- # প্রাথমিক তথ্য প্রদানকারীর তথ্যের গোপনীয়তা রক্ষার নিশ্চয়তা।

(চ) আমাদের প্রত্যাশা (Expectations)

- # তথ্য প্রদানকারী ও উপাত্ত ব্যবহারকারীদের নিকট থেকে সহযোগিতামূলক মনোভাব।
- # তথ্য সংগ্রহকারীগণকে স্বল্পতম সময়ের মধ্যে সঠিক তথ্য/উপাত্ত প্রদান।
- # পরিসংখ্যানের মান বৃদ্ধিকল্পে পাঠক/ব্যবহারকারীগণের নিকট থেকে গঠনমূলক পরামর্শ।